দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা আইন-শৃঙ্খলা, চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা ১০টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস এর সভাপতিত্বে মাসিক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির, দর্শনা থানার ওসি অপারেশন শফিউল আলম, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ভিক্টোরিয়া জুবলি সরকারি উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় ভিক্টোরিয়া জুবলি (ভিজে) সরকারি উচ্চ বিদ্যালয় কর্তৃক আয়োজিত চাঁদমারী মাঠে আজ সোমবার সকাল দশটার সময় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

হয়েছে।

অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, নতুন প্রজন্মকে দেশ ও জাতীয় চেতনার সাথে সম্পৃক্ত করতে তাদেরকে পরিপূর্ণভাবে ক্রীড়া ও সংস্কৃতি চেতনায় গড়ে তুলতে হবে। আমাদের তরুণরা খেলাধুলা ও সংস্কৃতি চর্চায় উৎকর্ষতা অর্জনের মাধ্যমেই আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হবার মতো বিজয় অর্জন করবে।

এ সময় তিনি আরও বলেন, বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা একজন ক্রীড়া প্রেমিক মানুষ। দেশ এবং দেশের মানুষ কিভাবে সবসময় উন্নতি লাভ করবে এটার জন্য সবসময় কাজ করে যাচ্ছেন তিনি। দেশ এবং দেশের বাইরে কিভাবে ক্রিড়ার মাধ্যমে আরও ব্যাপক হারে পরিচিত লাভ করা যায় এজন্য তিনি নতুন নতুন বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছেন ।

সকালে জাতীয় সঙ্গীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসব শুরু হয়। দলগত ডিসপ্লে, মশাল প্রজ্জ্বলন, মার্চ পাস্টের পর বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক ইভেন্টের মধ্যে ছিল, চকলেট দৌড়, রিলে দৌড় সহ বিভিন্ন প্রতিযোগিতা

উক্ত আয়োজনে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবির হোসেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি রাজীব হাসান, সাধারণ সম্পাদক বিপুল আশরাফ, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ শেখ সেকেন্দার আলী সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা পুলিশ প্রশাসনের কর্মকর্তা ও ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষকগণ সহ অভিভাবক বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা বালিকা বিদ্যালয়ে সাইবার সচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে চুয়াডাঙ্গা বালিকা বিদ্যালয়ের শ্রেণীকক্ষে আজ সোমবার সকাল সাড়ে এগারোটার সময় শিক্ষার্থীদের অংশগ্রহণে সাইবার সচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

উক্ত আয়োজনে চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকা দিল আরা চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোমলমতি শিক্ষার্থীদের সাইবার সচেতনতা ও বালিকা বিদ্যালয়ের নারী ক্রিকেটারদের সনদপত্র বিতরণ করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা।

প্রধান অতিথির বক্তব্যে পুলিশ সুপার বলেন, একজন নারী কখনো কন্যা কখনো জায়া এবং কখনো জননী। একটি সুন্দর সমাজ বিনির্মাণে মা তথা নারীর ভূমিকা অতুলনীয়। বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীবৃন্দ যেন স্কুলে আসা যাওয়ার পথে কিংবা সামাজিক যোগাযোগ মাধ্যমে ইভটিজিং বা সাইবার বুলিং এর শিকার না হয় সেজন্য জিরো টলারেন্স নীতি গ্রহণের কথা বলেন। এ ধরনের অপরাধ সংগঠিত হলে সরাসরি পুলিশ সুপারকে বিষয়টি সম্পর্কে অবগত করার অনুরোধ করেন। এছাড়া নারী ক্রিকেটারদের মাঝে সনদপত্র বিতরণ কালে পুলিশ সুপার একজন ক্রীড়া সংগঠক এবং ক্রীড়ানুরাগী ব্যক্তিত্ব হিসেবে ক্রিকেটসহ সব ধরনের খেলাধুলায় বালিকা বিদ্যালয় এর শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ কে সাধুবাদ জানান।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ শেখ সেকেন্দার আলী, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ সহ অত্র বিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ।

দামুড়হুদায় ফেন্সিডিলসহ পুরাতন বাস্তপুরের হাসান আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে ১২ বোতল ফেন্সিডিলসহ একজনকে আটক করেছেন।

আটকৃত হাসান আলি(৩০) পুরাতন বাস্তপুর গ্রামের কিতাব আলির ছেলে।গতকাল রবিবার রাত সাড়ে ১০ টার দিকে হাউলী জয়রামপুর ফকিরপাড়া পাকা রাস্তার উপর থেকে ১২ বোতল ফেন্সিডিলসহ তাকে আটক করা হয়।

জানাযায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে এস আই আসাদুজ্জামান আসাদ, এ এস আই মহানন্দ সঙ্গীয় ফোর্স নিয়ে দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর গ্রামের কিতাব আলির ছেলে হাসান আলিকে আটক করেন। পরে তার দেহ তল্লাশী করে ১২ বোতল ফেন্সিডিল উদ্ধার করে।

দামুড়হুদা মডেল থানায় তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজে বিদায় ও বরণ অনুষ্ঠান

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজে ৬ষ্ঠ শ্রেণির নবাগত শিক্ষার্থীদের বরণ ও ২০২৪ সালের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় এবং কৃতিশিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়েছে।

আজ সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে বিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত

বিদায়-বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সাংসদ সদস্য হাজী মো: আলী আজগার টগর।

প্রধান অতিথির বক্তব্যে এমপি টগর বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা শিক্ষার উন্নয়নের জন্য নিরালস ভাবে কাজ করে যাচ্ছেন। আর যারা তোমরা এসএসসি পরীক্ষা দিবা আমি তোমাদের জন্য প্রার্থনা করি তোমরা ভালো রেজাল্ট করো। তিনি আরো বলেন দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজ থেকে এসএসসি পরীক্ষায় প্রথম দ্বিতীয় এবং তৃতীয় স্থান অর্জন কারি শিক্ষার্থীকে আমি নিজ হাতে পুরষ্কৃত করব। তোমাদের এই স্কুল এবং কলেজ আমি একসাথে করে দিয়েছিলাম। এখন শিক্ষিতের হার বেরেছে। আপনারা সবাই দেখেছেন আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের অবস্থা কি ছিলো। সেখানে একটা শহিদ মিনার ছিলোনা। আজ দেখেন সেখানে বহুতল ভবন নির্মাণ করা হয়েছে। শিক্ষার মান উন্নয়নের জন্য পড়াশোনার পরিবেশ সৃষ্টি করার জন্য এসবকিছু করা হয়েছে। সেখানে এখন শহীদ মিনার রয়েছে। কলেজে ২৫ লক্ষ টাকা এফডিআর করে দিয়েছি। শিক্ষকদের বেতনের ব্যবস্থা করে দেওয়া হয়েছে। এমনিভাবে বাংলাদেশে প্রচুর পরিমাণে স্কুল কলেজ মাদ্রাসা নির্মাণ করা হয়েছে। সেখানে অসংখ্য ছাত্রছাত্রী পড়াশোনা করছে। এই সরকারের আমলে শুধু শিক্ষা খাতেই নয়, প্রতিটা খাতেই উন্নয়ন হয়েছে।

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের গভর্নিং বর্ডির সভাপতি ও সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ফাহমিদা রহমান, দর্শনা কেরু এন্ড কোং লি: এর জি এম (প্রশাসন) সাহবুদ্দিন, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও গভর্নিং বর্ডির সদস্য এম নুরুন্নবী, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু, অত্র বিদ্যালয়ের সমাজ বিজ্ঞানের শিক্ষক মোঃ আবু বক্কর সিদ্দিক প্রমূখ। অনুষ্ঠানটি প্রানবন্ত সঞ্চালনা করেন অত্র কলেজের প্রভাষক মো: মিজানুর রহমান।

দামুড়হুদার ডুগডুগী বাজারে দুটি প্রতিষ্ঠানকে জরিমানা

জাতীয় ভোক্তা অধিকার কর্তৃক দামুড়হুদার ডুগডুগী বাজার তদারকি ও দুটি প্রতিষ্ঠানে জরিমানা করা হয়েছে। আজ সোমবার বেলা ১২টার দিকে।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক দামুড়হুদা উপজেলার ডুগডুগী বাজারে অভিযান পরিচালিত হয়। অভিযানে কাঁচা বাজার,মাছ, মাংস, খাবার হোটেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করেন।

এসময় শ্রী অশিত দধি ভান্ডারে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার পরিবেশন ও মূল্য তালিকা না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অনুযায়ী দশ হাজার টাকা জরিমানা করা হয় ও মেসার্স ডুগডুগী ভান্ডারে কাঁচা মালের মূল্য তালিকা না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের একই ধারায় পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অভিযানে ০২টি প্রতিষ্ঠানকে মোট ১৫,০০০/- টাকা জরিমানা করা হয়। এসময় ডুগডুগী কাচা বাজার,মাছ, মাংস, খাবার হোটেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্য তদারকি করা হয় এবং সবাইকে মুল্যতালিকা প্রদর্শন, ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ ও সরকার নির্ধারিত মুল্যে পণ্য বিক্রয়ের ব্যাপারে সতর্ক করা হয় ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ। এসময় সহযোগিতায় ছিলেন দামুড়হুদা উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মো: আনিসুর রহমান ও চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

চুয়াডাঙ্গায় জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় সম্মেলন কক্ষে আজ রবিবার সকাল দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়।

এ সভায় আদালত সহায়তা, মানব পাচার প্রতিরোধ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ, সড়ক দুর্ঘটনায় নির্ভুল ও সমন্বিত পরিসংখ্যান প্রণয়ন, চোরাচালান নিরোধ, অনিস্পন্ন চোরাচালান মামলাসমূহ সম্পর্কে, শিক্ষা প্রতিষ্ঠানের শৃঙ্খলা, সড়কের শৃঙ্খলা, ফুটপাত দখলমুক্ত, দ্রব্যমূল্য সহনশীল, দেশের নিরাপত্তা ব্যবস্থা জোরদারসহ সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার উপর বিস্তারিত আলোচনা হয়।

এ সময় বক্তারা সকলের সার্বিক প্রচেষ্টায় জেলা শহরের নিয়ন্ত্রিত ফুটপাত, যানবাহন ব্যবস্থাপনা ও যানজট নিরসনের এবং বাজার ব্যবস্থা মনিটরের মাধ্যমে একটি সুন্দর, সন্ত্রাস, চুরি,ডাকাতি, চোরাচালান মুক্ত চুয়াডাঙ্গা উপহার দেওয়ার জন্য সকলের সহযোগিতা প্রত্যাশা করেন।

উক্ত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবির হোসেন, চুয়াডাঙ্গা সিভিল সার্জন প্রতিনিধি ডা. ফাতেহ্ আকরাম দোলন, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার ফাতেমা-তুজ-জোহরা এবং আলমডাঙ্গা, দামুড়হুদা ও জীবননগর উপজেলার নির্বাহী অফিসার বৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন দপ্তরের প্রধানগণ,জনপ্রতিনিধিবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ এবং মিডিয়া ব্যক্তিবর্গ।

দামুড়হুদায় এসএসসি পরীক্ষার্থীদের বিদায় ও কৃতিশিক্ষার্থীদের সংবর্ধনা

দামুড়হুদার বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ে নবাগত শিক্ষার্থীদের বরণ, এসএসসি পরীক্ষার্থীদের বিদায় এবং কৃতিশিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়েছে।

আজ রবিবার বেলা সাড়ে ১১ টার দিকে বিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত বিদায়-বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জুড়ানপুর ইউনিয়ন পরিষদের সদস্য খোকন আলী, আল মাহমুদ আসলাম।

স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম। অফিস সহকারী গোলাম ছারোয়ার নান্নুর সঞ্চালনায় অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য আব্দুর রাজ্জাক রাজা, সাবেক ইউপি সদস্য মাহাতাব উদ্দিন বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক আল মামুন, বিলায়েত হোসেন, সাবিনা আফরোজ, সাবিনা ইয়াসমিন, জিনজিরা খাতুন, নাসরিন সুলতানা, সেলিম উদ্দিন সহ বিদ্যালয়ের সকল শিক্ষক / শিক্ষিকা বৃন্দ।

আলমডাঙ্গায় প্রাণী সম্পদ দপ্তরের পরিকল্পনা প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ

আলমডাঙ্গা উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতালের আয়োজনে, প্রাণী সম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প এর আওতায় পিজি ও

নন পিজি সদস্যদের ব্যবসা পরিকল্পনা উন্নয়ন বিষয়ক দুই দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার দুপুর ২ টার দিকে উপজেলা প্রাণী সম্পদ দপ্তরের হলরুমে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউটের পরিচালক ডা: মো: গোলাম হায়দার। আলমডাঙ্গা উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাক্তার মো. আব্দুল্লাহীল কাফির সভাপতিত্বে উপস্থিত ছিলেন প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা: এ.এন.এম মোস্তাকিম মুকুট। প্রশিক্ষণে মোট ৪০ জন প্রান্তিক খামারিদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার মো. আআব্দুল্লাহীল কাফি বলেন, খামারিরা যাতে একটি আদর্শ ব্যবসা শুরু করে একজন সফল উদ্যোক্তা হতে পারেন। ব্যবসায় পরিকল্পনা, মূলধনের ব্যবস্থা, আয় ব্যয়ের হিসাব, নদীপত্র সংরক্ষণ এবং ঋণ প্রাপ্তির বিষয় প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

দর্শনা সাহিত্য পরিষদের আহ্বায়ক কমিটি গঠন

দর্শনা সাহিত্য পরিষদের কমিটি বিলুপ্ত করে নতুন আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। সংগঠনের কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সাহিত্য পরিষদের সদস্য কবি সাহিত্যিকদের সম্মতিক্রমে মেয়াদোত্তীর্ণ কমিটি ভেঙ্গে দেওয়া হয়।

আহ্বায়ক কমিটি গঠনের লক্ষ্যে আজ শনিবার (১০ ফেব্রুয়ারি) সাহিত্য পরিষদের কার্যালয়ে বিকাল ৩টা থেকে আলোচনা সভার আয়োজন করা হয়, সাহিত্য পরিষদের সদস্য কবি সাহিত্যিকদের সম্মতিক্রমে মেয়াদোত্তীর্ণ কমিটি ভেঙ্গে ৭ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

কমিটির সদস্যগণ হলেন- আহ্বায়ক কবি মুরশিদ আলম, সদস্য, আব্দুল ওয়াদুদ শাহা কলেজের প্রভাষত মিজাানুর রহমান মণ্ডল, ডাক্তার খালেদা খানম, মোঃ নজরুল ইসলাম, প্রধান শিক্ষকা আফসানা মেহজাবিন শাপলা, মোঃ জামাত আলী, বোরহান উদ্দিন টিটু। সভায় আগামী তিন মাসের মধ্যে সম্মেলনের মাধ্যমে পূর্ণাঙ্গ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।

কমিটিগঠন করার পরে স্বরচিত কবিতা পাঠের আসর অনুষ্ঠিত হয়, উক্ত অনুষ্ঠানে স্বরচিত লেখা পাঠ করে কবি খালেদা খানম, সাজিবুল ইসলাম, ইমান আলী এরেং, মোঃ আব্দুর রশিদ, আফসানা মেহজাবিন শাপলা, এমদাদুল হক, মোঃ বোরহান উদ্দিন, মিজানুর রহমান মণ্ডল, মোঃ নজরুল ইসলাম, জামাত আলি, মোঃ আসাদ প্রসেনজিৎ মন্ডল প্রমুখ, স্বরচিত কবিতা পাঠের অনুষ্ঠান সঞ্চালনা করেন কবি ফয়সাল আহমেদ।